স্নাতকোত্তর পরীক্ষা ২০২৬

বাংলা

সেমেস্টার ৪: কোর্স ১

বিশেষ পত্র: প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য

সময়: ৩ ঘণ্টা পূর্ণমান: ৪০

প্রশ্নের মান দক্ষিণপ্রান্তে উল্লিখিত

১০ সংখ্যাক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও।

## একক ১

১। মুদ্রণ পূর্ববর্তী বাংলা লিপির বিবর্তন সম্পর্কে আলোচনা করো। ১০

২। বিশ্বভারতীতে বাংলা পুথিচর্চা বিষয়ে নিবন্ধ লেখো। ১০

৩। প্রাচীন পুথির পুনরুদ্ধার ও সংরক্ষণ কীভাবে সম্ভব, আলোচনা করো। ১০

## একক ২

৪। "অতঃপর কহি শুন সন বিবরণ।

গোপালেতে পীষ্ঠে অম্বর সোভন।।

দক্ষিণেতে গৃহ করিয়া সাজন ।

সিংহ রাষ্যে পুথি সাঙ্গ শুন সর্বজন।।"

— এই কালজ্ঞাপক শ্লোক অনুসারে পুথির রচনাকাল নির্দেশ করো। প্রসঙ্গত পুথির কালগণনার ক্ষেত্রে যে যে নিয়ম অনুসৃত হয়, তা আলোচনা করো। ১০

৫। সপ্তদশ শতকের একটি সম্পাদিত কাব্য অবলম্বনে পুথি সম্পাদনার বিভিন্ন পদ্ধতি বিশদে লেখো। ১০

৬। পুষ্পিকার গুরত্ব আলোচনা করো। ১০

## একক ৩

৭। গৌড়ীয় বৈষ্ণব ধর্মের মূল কথাগুলি সংক্ষেপে আলোচনা করো। ১০

৮। সহজিয়া বৌদ্ধধর্মের 'সহজানন্দ'- এর স্বরূপ বিস্তৃত ব্যাখ্যা করো। ১০

৯। শাক্তধর্মে শক্তিউপাসনার মূল লক্ষ্য সম্বন্ধে বিস্তারিত পরিচয় দাও। ১০

১০। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও: ৫x২=১০

(ক) চিত্রপ্রতীক লিপি কী?

(খ) 'সাহিত্যপ্রকাশিকা'র সম্পাদক কারা ছিলেন?

(গ) পুথির লেখনী কী দিয়ে তৈরি হয়?

(ঘ) 'অষ্টসিদ্ধি' কী কী?

(ঙ) ' এক সে পদুমা চৌষট্টি পাথুরী'- অর্থ লেখো।

(চ) কাকপদ কেন ব্যবহার করা হয়?

স্নাতকোত্তর পরীক্ষা ২০২৬

বাংলা

সেমেস্টার : ৪ কোর্স : ২

বিশেষ পত্র : প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক - ১

১। ভারতচন্দ্রের কাব্যে সংস্কৃত ছন্দের প্রয়োগ বিষয়ে তোমার মতামত দাও। ১০

২। 'শ্রীকৃষ্ণকীর্ত্তন'কে সুকুমার সেন নাটগীতি হিসাবে কেন চিহ্নিত করেছিলেন তা প্রকরণ বিচার করে দেখাও। ১০

৩। সাদৃশ্যমূলক অলঙ্কার কাকে বলে? প্রাগাধুনিক পর্বের সাহিত্য থেকে যে-কোনো চারটি সাদৃশ্যমূলক অলঙ্কার উদাহরণ-সহ ব্যাখ্যা করো। ২+৮=১০

একক - ২

৪। "তিনি কাঠামো গড়িতে পারেন, কিন্তু কাঠামোয় প্রাণ সঞ্চার করিতে পারেন না।" — এই মন্তব্যের আলোকে বলেন্দ্রনাথ ঠাকুর রচিত 'মুকুন্দরাম চক্রবর্তী' প্রবন্ধটি আলোচনা করো। ১০

৫। রামপ্রসাদ রায়ের বিদ্যাসুন্দর কাব্য এবং ভারতচন্দ্র রায়ের বিদ্যাসুন্দর কাব্য সম্পর্কে বলেন্দ্রনাথ ঠাকুরের দৃষ্টিভঙ্গির তুল্যমূল্য বিচার করো। ১০

৬। বৈষ্ণবকাব্য সম্পর্কে রবীন্দ্রনাথের বক্তব্য লেখো। ১০

একক - ৩

৭। কাশীদাসী মহাভারত অবলম্বনে সত্যবতী চরিত্রের গুরুত্ব বিশ্লেষণ করো। ১০

৮। কাশীরাম দাস বাঙালি গার্হস্থ্য জীবনের সার্থক কবি — কাশীদাসী মহাভারতের একটি পর্ব অনুসরণে এ বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো। ১০

৯। কাশীদাসী মহাভারতের 'পারিজাত হরণ' প্রসঙ্গের তাৎপর্য বিচার করো। ১০

১০। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৫x২=১০

(ক) চৈতন্য-পরবর্তী পদাবলি সাহিত্যে প্রার্থনার পদ কেন রচিত হলো না তা সংক্ষেপে লেখো।

(খ) চর্যাপদ মূলত কোন্ ছন্দে লেখা? সুকুমার সেনের মতে বাংলা ভাষায় প্রয়োগের সময় তার কী বদল হয়েছে?

(গ) বলেন্দ্রনাথ ঠাকুরের 'ভারতচন্দ্র রায়' প্রবন্ধটি কোন্ পত্রিকার কোন্ সংখ্যায় প্রকাশিত হয়?

(ঘ) বলেন্দ্রনাথের দৃষ্টিভঙ্গি অনুযায়ী মন্থরা ও দুর্বলার দুটি চরিত্রগত পার্থক্য লেখো।

(ঙ) অজ্ঞাতবাস-কালে পঞ্চপাণ্ডব ও দ্রৌপদীর পরিবর্তিত নাম লেখো।

(চ) বকরূপী ধর্মঠাকুর যুধিষ্ঠিরকে কোন্ পর্বে ক'টি প্রশ্ন করেছিলেন?

—

স্নাতকোত্তর পরীক্ষা ২০২৬

বাংলা

সেমেস্টার : ৪ কোর্স : ৩

বিশেষ পত্র : প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

**একক - ১**

১। বিদ্যাপতির 'অভিসার' পর্যায়ের পদের বৈচিত্র্য আমাদের মুগ্ধ করে। — পাঠ্য পদ অবলম্বনে মন্তব্যটির যৌক্তিকতা নিরূপণ করো। ১০

২। 'আক্ষেপানুরাগ'-এর পদ রচনায় চণ্ডীদাসের স্বতন্ত্র কবিদৃষ্টি দৃষ্টান্ত-সহ বিস্তারিত আলোচনা করো। ১০

৩। বিদ্যাপতি ও চণ্ডীদাস রচিত শ্রীকৃষ্ণের পূর্বরাগের একটি করে পদের তুলনামূলক বিশ্লেষণ করো। ১০

**একক - ২**

৪। 'পরিণাম চিন্তি কাজ পাছে যেন নহে লাজ
ক্ষুধা হৈলে দুই হস্তে না খাই।' — প্রসঙ্গ নির্দেশপূর্বক উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

৫। 'তিল সুখ লাগিয়া হারাইলুঁ জাতিকূল।
ঘাটেত বসিয়া নৌকা ডুবাইলুঁ মূল।।' — এই মন্তব্যের প্রেক্ষিতে লোরক ও চন্দ্রাণীর সম্পর্ক বিশ্লেষণ করো। ১০

৬। 'যে দুঃখ মোহর পরে পড়িয়াছে ধাঞি।
সে দুঃখ পড়ুক গিয়া সতিনীর ঠাঞি।।'—কে কাকে কখন একথা বলেছে? এ প্রসঙ্গে বক্তার চরিত্র বিশ্লেষণ করো। ১+১+১+৭=১০

**একক - ৩**

৭। রূপরামের 'শ্রীধর্মমঙ্গল' কাব্য অনুসরণে রঞ্জাবতী চরিত্রের কাব্যগত গুরুত্ব বিশ্লেষণ করো। ১০

৮। 'ধর্মমঙ্গল রাঢ়ের জাতীয় কাব্য।' — এ বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো। ১০

৯। কালু ডোম রাঢ় বাংলার জীবন আশ্রিত উজ্জ্বল প্রাণবন্ত চরিত্র। — মন্তব্যটি বিস্তারিত ব্যাখ্যা করো। ১০

১০। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

(ক) রাজা শিবসিংহের দুজন মহিষীর নাম লেখো।

(খ) সহজিয়া চণ্ডীদাস কোন্ শতাব্দীর কবি?

(গ) চন্দ্রাণীর সখীদের নাম কী?

(ঘ) 'নর বিনে চিন নাহি কিতাব কোরাণ' — কথাটির অর্থ কী?

(ঙ) সুরীক্ষা কে?

(চ) ধর্মঠাকুরের চারটি ভিন্ন ভিন্ন নাম লেখো।

—